

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৪৩

১/ বিবিধ

আরবী

حجوا قبل أن لا تحجوا: يقعد أعرابها على أذناب أو ديتها، فلا يصل إلى الحج أحد  
باطل

رواه أبو نعيم في " أخبار أصفهان " (2 / 76 – 77) والبيهقي (4 / 341) والخطيب  
في " التلخيص " (2 / 96) من طريق عبد الله بن عيسى بن بحير: حدثني محمد بن  
أبي محمد عن أبيه عن أبي هريرة مرفوعا  
قلت: عبد الله هذا هو الجندي، ذكره العقيلي في " الضعفاء "، وساق له هذا الحديث  
وقال: " إسناده مجهول فيه نظر " وقال الذهبي: " إسناده مظلم، وخبر منكر  
وقال في " المهذب " كما في المناوي: " إسناده واه ". وشيخه محمد بن أبي محمد  
مجهول كما قال أبو حاتم، وأما ابن حبان فأورده في " الثقات " (2 / 268) ! وساق له  
هذا الحديث ثم قال: " وهذا خبر باطل، وأبو محمد لا يدري من هو؟ " يعني أنه هو علة  
الحديث. والله أعلم

বাংলা

৫৪৩। তোমাদেরকে হজ্জ করার সুযোগ না দেয়ার পূর্বেই নিজেরা হজ্জ কর। গ্রাম্য লোকেরা কাবার ওয়াদির অলি-  
গলিতে বসে থাকবে। ফলে হজ্জ আদায় করার জন্য কোন ব্যক্তি পৌঁছতে পারবে না।

হাদীছটি বাতিল।

হাদীছটি আবু নোয়াইম "আখবারু আসফাহান" (২/৭৬-৭৭) গ্রন্থে, বাইহাকী (৪/৩৪১), আল-খাতীব "আত-

তালখীস" (২/৯৬) গ্রন্থে আব্দুল্লাহ ইবনু ঈসা ইবনে বুহায়ের সূত্রে মুহাম্মাদ ইবনু আবী মুহাম্মাদ হতে তিনি তার পিতা হতে ... আবু হুরায়রা (রাঃ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এই আব্দুল্লাহ হচ্ছেন জানাদী। তাকে উকায়লী "আয-যোয়াফা" গ্রন্থে উল্লেখ করে তার এ হাদীছটি বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ সনদটি মাজহুল, এতে বিরূপ মন্তব্যও রয়েছে। ইমাম যাহাবী বলেনঃ সনদটি অন্ধকারাচ্ছন্ন আর খবরটি মুনকার। তিনি "আল-মুহাযযাব" গ্রন্থে বলেনঃ হাদীছটির সনদ নিতান্তই দুর্বল।

আব্দুল্লাহর শাইখ মুহাম্মাদ মাজহুল যেরূপ আবু হাতিম বলেছেন। তবে ইবনু হিব্বান তাকে "আছ-ছিকাত" (২/২৬৮) গ্রন্থে উল্লেখ করেছেন তিনি তার এ হাদীছটি উল্লেখ করে বলেছেনঃ এ খবরটি বাতিল। আবু মুহাম্মাদ কে জানা যায় না। তিনিই হচ্ছেন হাদীছটির সমস্যা।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71422>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন